সভার মন্তব্য বহি

প্রতিষ্ঠানের নামঃ ৮নং বলদিয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়।

সভা নং ঃ ০৪। স্থানঃ বলদিয়া ইউনিয়ন পরিষদ হল রুম।

সময়ঃ বিকালঃ ৩.০০ ঘটিকা তারিখঃ ৩০/০৪/২০২৩ ইং

সভায় উপস্থিত ইউপি সদস্য/সদস্যাবৃন্দের নাম ও স্বাক্ষর

| | | |
|---|---|---|
| ১। মোঃ মোজাম্মেল হক | ঃ (চেয়ারম্যান) - | স্বাক্ষরীতঃ |
| ২। মোছাঃ লায়লা খাতুন | ঃ (সং আঃ মঃ সঃ)- | স্বাক্ষরীতঃ |
| ৩। মোছাঃ আনোয়ারা বেগম | ঃ (সং আঃ মঃ সঃ)- | স্বাক্ষরীতঃ |
| ৪। মোছাঃ রোকেয়া বেগম | ঃ( সং আঃ মঃ সঃ)- | স্বাক্ষরীতঃ |
| ৫। মোঃ ময়নাল হক | ঃ(ইউঃপিঃ সদস্য)- | স্বাক্ষরীতঃ |
| ৬। মোঃ রফিকুল ইসলাম | ঃ (ইউঃপিঃ সদস্য)- | স্বাক্ষরীতঃ |
| ৭। মোঃ রাজু আহমেদ | ঃ (ইউঃপিঃ সদস্য)- | স্বাক্ষরীতঃ |
| ৮। মোঃ আনোয়ার হোসেন | ঃ (ইউঃপিঃ সদস্য)- | স্বাক্ষরীতঃ |
| ৯। মোঃ সিদিদক আলী | ঃ (ইউঃপিঃ সদস্য)- | স্বাক্ষরীতঃ |
| ১০। মোঃ আব্দুল বাতেন সরকার | ঃ (ইউঃপিঃ সদস্য)- | স্বাক্ষরীতঃ |
| ১১। মোঃ আব্দুর রাজ্জাক | ঃ (ইউঃপিঃ সদস্য)- | স্বাক্ষরীতঃ |
| ১২। মোঃ রোকুনুজ্জামান খান দুলাল | ঃ (ইউঃপিঃ সদস্য)- | স্বাক্ষরীতঃ |
| ১৩। মোঃ লাবলু প্রামানিক | ঃ (ইউঃপিঃ সদস্য)- | স্বাক্ষরীতঃ |

অদ্য ৩০/০৪/২০২৩ ইং তারিখে অত্র ৮নং বলদিয়া ইউনিয়ন পরিষদে এপ্রিল/২০২৩ ইং মাসের সাধারন সভা ইউঃপিঃ চেয়ারম্যান জনাব মোঃ মোজাম্মেল হক সাহেবের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

আলোচ্য বিষয়ঃ-

(১) গত মাসের অনুষ্ঠিত সভা পঠন ও অনুমোদন করন প্রসঙ্গে।
(২) এপ্রিল/২০২৩ ইং মাসের সাধারন সভা অনুষ্ঠিত করন প্রসঙ্গে।
(৩) বিবিধ

সিদ্ধান্তবলীঃ-

১নং প্রস্তাবঃ অত্র সভার শুরুতে সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করিয়া সভার কাজ শুরু করিলেন। সভাপতি সাহেবের অনুমতিক্রমে ইউঃপিঃ সচিব সাহেব গত মাসের অনুষ্ঠিত সভা পঠন করিয়া শুনাইলেন। তাহাতে সংশোধনের কোন প্রয়োজন না থাকায় তাহা সর্বসম্মতিক্রমে অনমোদিত হইল।

২নং প্রস্তাবঃ অত্র সভার ২নং আলোচ্য বিষয়ের উপর আলোচনাকালে সভাপতি সাহেব নিম্নোক্ত বিষয়গুলো পর্য্যালোচনা করণ পূর্বক সিদ্ধান্ত গ্রহনের প্রস্তাব করেন।

## প্রস্তাব সমূহঃ

(ক) ১৪৩০ বাংলা সালের খোয়াড় সমূহ যে লীজ প্রদান করা হইয়াছে তাহা সঠিক হইয়াছে কিনা তাহা পর্য্যালোচনা করন পূর্বক অনুমোদন করন প্রসঙ্গে।
(খ) আগামী ২০২৩-২০২৪ ইং আর্থিক বৎসরের উন্নয়ন পরিকল্পনা বাজেট প্রস্তুতের লক্ষ্যে ওয়ার্ড ওয়ারী উন্মুক্ত ওয়ার্ড সভার ব্যয় ধার্য করন এবং ওয়ার্ড সভার কার্য্যকরী করার পর বিল প্রদান প্রসঙ্গেঁ।
(গ) ইউনিয়ন পরিষদের যাবতীয় খরচের বিল পরিশোধের ব্যাপারে অনুমোদন করন সহ বিল প্রদানের ক্ষমতা প্রদান প্রসঙ্গে।
(ঘ) ইউনিয়নের আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা প্রসঙ্গে।

## সিদ্ধান্তবলী

২(ক) নং প্রস্তাবঃ অত্র সভার ২(ক) নং আলোচ্য বিষয়ের উপর আলোচনা কালে সভাপতি সাহেব প্রকাশ করিলেন যে, গত ১৩/০৪/২০২৩ ইং তারিখে অত্র বলদিয়া ইউনিয়নের অভ্যন্তওে যে ০৯ ওয়ার্ডে ০৯টি খোয়াড় রহিয়াছে তাহা লীজ প্রদান করা হইয়াছে যাহা আপনাদেরকে পঠন করিয়া শুনাইলাম। আপনারা বিশদ পর্য্যালোচনা করিয়া তাহা সঠিক হইয়াছে কিনা এ ব্যাপারে মতামত প্রদান পূর্বক অনুমোদনের প্রস্তাব করা হইল। সভাপতি সাহেবের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে দীর্ঘ সময় ধরিয়া পর্য্যালোচনা করিয়া আমরা দেখিতেছি খোয়াড় লীজ নিতে সাধারন জনগন তত একটা আগ্রহী নহে। ফলে সম্ভঅব্য সরকারী মূল্যে বা তাহার কিছু বেশি মূল্যে ইজারা প্রদান কমিটি যে লীজ প্রদান করিয়াছেন তাহা সঠিক হইয়াছে মর্মে সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হইল।

২ (খ) নং প্রস্তাবঃ অত্র সভার ২(খ) নং আলোচ্য বিষয়ের উপর আলোচনা কালে সভাপতি সাহেব প্রকাশ করিলেন যে, মভড়ভসউ ২০২৩-২০২৪ আর্থিক বৎসরের জন্য উন্নয়ন পরিকল্পনা বাজেট প্রস্তুত করিতে অত্র ইউনিয়নের ০৯টি ওয়ার্ডে ০৯টি উন্মুক্ত ওয়ার্ড সভা সংশ্লিষ্ট ওয়ার্ডের ইউঃপিঃ সদস্যের আহ্বায়ক হিসাবে অনুষ্ঠিত করা সরকারী বিধান রহিয়াছে। আর উক্ত ওয়ার্ড সভা করার জন্য

ইউঃপিঃ জরুরী সভার সিদ্ধান্ত অনুযায়ী সিডিউল প্রস্তুত করা হইয়াছে। ওয়ার্ড সভা করিতে গিয়া সভায় উপস্থিত জনগনকে কিছু নাস্তা করাইতে হয় আর তাহার বিল ইউঃপির নিজস্ব আয়ের অর্থ হইতে বহন করিতে হয়। ফলে প্রতিটি ওয়ার্ড সভঅর ব্যয় কত নির্ধারন করা যায় এবং ওয়ার্ড সভঅ সম্পন্ন হওয়ার পর বিল কত দিনের মধ্যে কাহাকে দিতে হবে তাহা নির্ধারন করিবার জন্য সভাপতি সাহেব প্রস্তাব করেন। সভাপতি সাহেবের প্রস্তাবরে পরিপ্রেক্ষিতে বিশদ পর্য্যালোচনা করিয়া আমরা দীর্ঘ সময় ধরিয়া পর্য্যালোচনা করিয়া প্রতি ওয়ার্ড সভার ব্যয় ১,৫০০/= (একহাজার পাঁচশত) টাকা নির্ধারন করা হইল। ০৯টি ওয়ার্ডের ওয়ার্ড সভা সম্পন্ন হওয়ার ০৭দিনের মধ্যে ওয়ার্ড সভার বিল সংশ্লিষ্ট ওয়ার্ডের আহ্বায়ক/ইউঃপিঃ সদস্যকে প্রদান করিবার জন্য একমত পোষন করিয়া সর্বসম্মতিক্রমে একটি প্রস্তাব গৃহিত হইল।

২ (গ) নং প্রস্তাবঃ অত্র সভার ২(গ) নং আলোচ্য বিষয়ের উপর আলোচনা কালে সভাপতি সাহেব প্রকাশ করিলেন যে, ইউঃপিডতে প্রায় সময় অফিসিয়ালী ভঅবে নানা প্রকার খরচ হইয়া থাকে যাহার ব্যয় ইউঃপির নিজস্ব আয় হইতে প্রদান করিতে হয়। ফলে সভাপতি ইউঃপির খরচের বিল প্রদান সহ কাহার মাধ্যমে বিল পরিশোধ করা যায়, তাহার জন্য প্রস্তাব করেন। সভাপতি সাহেবের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে দীর্ঘ সময় ধরিয়া পর্য্যালোচনা করিয়া আমরা ইউঃপির যাবতীয় খরচের বিল ইউঃপির নিজস্ব আয়ের অর্থ হইতে পরিশোধ করার জন্য ইউঃপিঃ কর্তৃক সর্বসম্মতিক্রমে একটি প্রস্তাব গৃহিত হইল।
২(ঘ) নং প্রস্তাবঃ অত্র সভার ২(ঘ) নং আলোচ্য বিষয়ের উপর আলোচনা কালে সভাপতি সাহেব অত্র ইউনিয়নের কোথাও যাহাতে আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি নাঘটে তাহার সুব্যবস্থার প্রস্তাব করেন। সভাপতি সাহেবের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বিশদ পর্য্যালোচনা করিয়া আমরা সিদ্ধান্ত গ্রহন করিলাম আমরা নিজেরা সজাগ থাকিয়া অত্র ইউনিয়নের সর্ব এলাকায় বহুল প্রচার করিব যাহাতে কোথাও কেহ যেন প্রকার আইন শৃংখলার অবনতি না ঘটায়। এরপরও কেহ বা কোন গোষ্টি আইন শৃঙ্খলার অবনতি ঘটাইলে তাহা প্রমানিত হইলে অপরাধীদেও বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থঅ গ্রহন করা হইবে বলিয়া একমত পোষন করিয়া একটি প্রস্তাব গৃহিত হইল।

অতঃপর, অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করিয়া সভার কাজ শেষ করিলেন।

স্বাক্ষরীত
মোঃ মোজাম্মেল হক
সভাপতি ও ইউঃপিঃ চেয়ারম্যান
বলদিয়া ইউঃপিঃ,
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

স্মারক নং- ইউঃপিঃবঃ/সাঃসঃ ১-৪/২৩/২২৮ তারিখ- ০২/০৫/২০২৩খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জণ্য প্রেরণ করা হল।

১। উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
২। অফিস কপি।

মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান
৮নং বলদিয়া ইউনিয়ন পরিষদ,
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।